## প্রথম ও দ্বিতীয় অধ্যায়

১। **ডুবন্ত ব্যক্তিকে উদ্ধার করার জন্য কী ছুঁড়ে মারতে হয়?**
ক বাঁশ খ মাদুর গ চাদর ঘ দড়ি

২। **ডুবন্ত ব্যক্তিকে তুলে এনে প্রথমে কী লক্ষ করতে হয়?**
ক শ্বাসক্রিয়া খ পানির স্রোত
গ মুখের অবস্থা ঘ পেটের অবস্থা

৩। **পানিতে ডুবে গেলে পানি ঢুকে কোথায় চলে যায়?**
ক হৃৎপিন্ডে খ অন্ত্রে
গ ফুসফুসে ঘ পেশিতে

৪। **বিদ্যুতের তার কখন ছিঁড়ে যেতে পারে?**
ক লোড শেডিং –এর সময় খ ঝড়ের সময়
গ বিদ্যুৎ আসার সময় ঘ পাখা ঘোরার সময়

৫। **কেউ তড়িতাহত হলে কী বন্ধ করে দিতে হবে?**
ক বেড সুইচ খ বাতির সুইচ গ পাখার সুইচ ঘ মেইন সুইচ

৬। **জীবণুনাশক দ্রব্য কোনগুলো?**
ক গজ, ব্যান্ডেজ, প্লাস্টার খ তুলা, কাঁচি, স্পিরিট
গ ডেটল, স্যাভলন, স্পিরিট ঘ মলম, ওষুধ, ডেটল

৭। **ফাস্ট এইড বক্স হাতের কাছে রাখতে হয় কেন?**
ক যথাসময়ে পাওয়ার জন্য খ হারিয়ে যাওয়ার জন্য
গ চুরি হওয়ার জন্য ঘ বহনের সুবিধার জন্য

৮। **শরীরের কোথাও কেটে গেলে কাটা স্থানটি উঁচু করে রাখতে হয় কীসের জন্য?**
ক রোগীর আরামের জন্য খ চিকিৎসার সুবিধার জন্য
গ মস্তিষ্কে রক্ত সরবরাহের জন্য
ঘ রক্তপড়া বন্ধ করার জন্য

৯। **অজ্ঞান ব্যক্তির পায়ের অংশ উঁচু করে রাখতে হয় কেন?**
ক পা থেকে ফুসফুসের দিকে রক্তপ্রবাহের জন্য
খ ফুসফুসের কার্যকারিতা বৃদ্ধি করার জন্য
গ মস্তিষ্কে অধিকতর রক্ত সরবরাহের জন্য
ঘ পায়ের রক্ত চলাচল স্বাভাবিক রাখার জন্য

১০। **সাপে কাটা ব্যক্তির ত্বকে চারটি দাঁতের চিহ্ন থাকলে তাতে কী বোঝা যাবে?**
ক সাপটি বিষধর খ সাপটি সামান্য বিষধর
গ সাপটি বিষধর নয় ঘ সাপটি অত্যন্ত বিষধর

১১। **হাড়ভাঙ্গা আহত ব্যক্তি কী প্রতিক্রিয়া দেখায়?**
ক আস্তে করে নেতিয়ে পড়ে খ ধীরে ধীরে অজ্ঞান হয়ে যায়
গ যন্ত্রণায় ছটফট করে ঘ দাঁড়ানোর চেষ্টা করে

১২। **গলায় কিছু আটকে গেলে তা কীভাবে পেটের ভিতর নেওয়া যাবে?**
ক কাঁচা কলা খেয়ে খ পাকা কলা খেয়ে
গ পানি পান করে ঘ দুধ পান করে

১৩। **কানে পিঁপড়া ঢুকে গেলে বের করবে কীভাবে?**
ক কিছু সময় শ্বাস বন্ধ করে রেখে
খ কিছু সময় কান বন্ধ করে রেখে
গ কিছু সময় চোখ বন্ধ করে রেখে
ঘ কিছু সময় কথা বলা বন্ধ রেখে

১৪। **মাকসুদের ভাই মামুন পরীক্ষায় ফেল করার সংবাদ পেল। সে কী ধরনের দুর্ঘটনায় পতিত হবে?**
ক হোঁচট খাওয়া খ অজ্ঞান হওয়া
গ আঘাত পাওয়া ঘ ভয় পাওয়া

১৫। **পরিবারের স্বাচ্ছন্দ্য ও কল্যাণ নিয়ে আসতে অবশ্য করণীয় বিষয় কী?**
ক গৃহে পূর্ণ বিনোদনের আয়োজন করা
খ গৃহের সকলের নিয়মিত পড়াশুনা করা
গ গৃহ পরিবেশের নিরাপত্তা নিশ্চিত করা
ঘ গৃহের সকলের আয় উপার্জন করা

১৬। **প্রাথমিক চিকিৎসা হচ্ছে –**
*(i)* দুর্ঘটনা ঘটার পূর্বে সতর্কতা
*(ii)* দুর্ঘটনা –পরবর্তী আহত ব্যক্তির আরামের ব্যবস্থা
*(iii)* চিকিৎসকের কাছে যাওয়ার পূর্বে গৃহীত ব্যবস্থা
**কোনটি সঠিক?** ক *i, ii* খ *i, iii* গ *ii, iii* ঘ *i, ii* ও *iii*

১৭। **চোখে কিছু পড়ার পর –**
*(i)* ঘষা লাগলে চোখ জ্বলে
*(ii)* ঠান্ডা পানির ঝাপটা আরাম লাগে
*(iii)* এমনিতেই বের হয়ে যায়
**কোনটি সঠিক?** ক *i, ii* খ *i, iii* গ *ii, iii* ঘ *i, ii* ও *iii*

১৮। **হাড় ভেঙ্গে গেলে কোনোক্রমেই –**
*(i)* হাড় সোজা করার চেষ্টা করা যাবে না
*(ii)* চিকিৎসকের পরামর্শ নেওয়া যাবে না
*(iii)* বাঁশের চটা ব্যবহার করা যাবে না
**কোনটি সঠিক?** ক *i* খ *i, iii* গ *ii, iii* ঘ *i, ii* ও *iii*

১৯। **কীটপতঙ্গ কামড়ালে প্রাথমিক চিকিৎসা হিসেবে –**
*(i)* পিঁয়াজের রস ঘষে লাগাবে
*(ii)* লেবুর রস ঘষে লাগাবে *(iii)* কমলার রস ঘষে লাগাবে
**কোনটি সঠিক?** ক *i, ii* খ *i, iii* গ *ii, iii* ঘ *i, ii* ও *iii*

২০। **গৃহ পরিবেশে নিরাপত্তা নিশ্চিত করার জন্য ভূমিকা রাখতে হবে –**
*(i)* সক্রিয়ভাবে
*(ii)* পরিবারের সকলকে *(iii)* নিরাপত্তা কর্মীকে
**কোনটি সঠিক?** ক *i, ii* খ *i, iii* গ *ii, iii* ঘ *i, ii* ও *iii*

২১। **সময়কে সঠিকভাবে কাজে লাগানোর জন্য কী করা প্রয়োজন?**
ক উদ্যোগ খ সুবিবেচনা গ পরিকল্পনা ঘ স্বার্থত্যাগ

২২। **কী করলে পরিবারের আয়-ব্যয় সম্বন্ধে সঠিক ধারণা হয়?**
ক বাজেট খ পরিকল্পনা
গ আলাপ–আলোচনা ঘ তালিকা তৈরি

২৩। **উদ্দেশ্য বা লক্ষ্যের ভিত্তিতে আমাদের কী তৈরি হয়?**
ক বিনিয়োগ খ সঞ্চয় গ চাহিদা ঘ মুনাফা

**২৪। আয় ও ব্যয়ের অর্থ সমানভাবে মিলে গেলে তাকে কী বাজেট বলে?**

ⓚ সুষম ⓚ অসম ⓖ ঘাটতি ⓖ উদ্বৃত্ত

**২৫। পরিবারে যৌথ সম্পদগুলোর সুষ্ঠু ব্যবহারে সদস্যের মধ্যে কী বাড়ে?**

ক) ধৈর্য ও প্রতিযোগিতা খ) সাহস ও স্থিরতা
গ) সমঝোতা ও সহনশীলতা ঘ) ব্যক্তির সহ্যক্ষমতা

**২৬। কোন সম্পদ সবার জন্য সমান এবং সীমিত?**

ক) অর্থ খ) স্বাস্থ্য গ) সুস্থতা ঘ) সময়

**২৭। কোন সম্পদকে ইচ্ছামতো ব্যবহার করলে তাড়াতাড়ি ক্ষয় হয়?**

ক) বুদ্ধিমত্তা খ) জ্ঞান গ) শক্তি ঘ) সময়

**২৮। কীসের মাধ্যমে অর্থ ব্যয় করলে পরিবারে অর্থ-সংকট দেখা দিবে না?**

ক) ব্যাংকের খ) পরিকল্পনার গ) লোকের ঘ) কাজের

**২৯। সময়, শক্তি, অর্থ পরিকল্পিতভাবে ব্যয়ের মাধ্যমে জীবনে কী আনা যায়?**

ক) সাহস খ) শৃঙ্খলা গ) নিশ্চয়তা ঘ) বিলাসিতা

**৩০। যৌথ সম্পদ ব্যবহারে পরিবারের সদস্যরা কী করবে?**

ক) প্রতিযোগিতা করবে খ) সহনশীল হবে
গ) নিজ স্বার্থ দেখবে ঘ) সুযোগ সন্ধানী হবে

**৩১। কীভাবে ঘর মুছলে কম শক্তি খরচ হয়?**

ক) দাঁড়িয়ে খ) বসে গ) উপুড় হয়ে ঘ) বসে ও দাঁড়িয়ে

**৩২। অর্থ অমানবীয় সম্পদ হিসেবে পরিগণিত হওয়ার কারণ কী?**

ক) দেখা ও পরিমাপ করা যায় খ) অন্য সম্পদ ক্রয় করা যায়
গ) সর্বাধিক কার্যকর সম্পদ ঘ) মানবের উপার্জিত সম্পদ

**৩৩। কাজের উপযুক্ত স্থানে সরঞ্জামগুলো সঠিকভাবে রাখলে আমরা কী ধরনের সুবিধা পেয়ে থাকি?**

ক) কাজ সহজ হয় খ) কাজ সুন্দর হয়
গ) শক্তির অপচয় হয় না ঘ) কাজে ঝামেলা হয় না

**৩৪। হস্তান্তরযোগ্য সম্পদ হচ্ছে –**

*(i)* বাড়িঘর *(ii)* অর্থ *(iii)* শক্তি

কোনটি সঠিক? ক) *i, ii* খ) *i, iii* গ) *ii, iii* ঘ) *i, ii* ও *iii*

**৩৫। একটি সময়ে কেবল একটি কাজ করলে –**

*(i)* মানসিক তৃপ্তি পাওয়া যায় *(ii)* কাজের স্পৃহা বাড়ে
*(iii)* কাজ হালকা হয়

কোনটি সঠিক? ক) *i, ii* খ) *i, iii* গ) *ii, iii* ঘ) *i, ii* ও *iii*

**৩৬। পরিবারের কোনো সিদ্ধান্তই কার্যকর করা সম্ভব নয় –**

*(i)* সৃজনশীল কাজের সুযোগ ঘটে
*(ii)* কাজের দক্ষতা বাড়ে *(iii)* কাজের গতিশীলতা বাড়ে

কোনটি সঠিক? ক) *i, ii* খ) *i, iii* গ) *ii, iii* ঘ) *i, ii* ও *iii*

**৩৭। পরিবারের লক্ষ্যগুলো অর্জনের জন্য সবার ক্ষেত্রেই করণীয় –**

*(i)* অর্থ উপার্জনের চেষ্টা
*(ii)* মানবীয় সম্পদের সম্মিলিত ব্যবহার
*(iii)* বস্তুগত সম্পদের সম্মিলিত ব্যবহার

কোনটি সঠিক? ক) *i, ii* খ) *i, iii* গ) *iii* ঘ) *ii* ও *iii*

**৩৮। আমাদের চাহিদার তুলনায় অর্থ সীমিত। সুতরাং আমাদের কর্তব্য হচ্ছে –**

*(i)* অবস্তুগত সম্পদের যথাযথ ব্যবহার করা
*(ii)* বাজেট করে অর্থ ব্যয় করা
*(iii)* সর্বদা সঞ্চয়ের দিকে লক্ষ্য রাখা

কোনটি সঠিক? ক) *i, ii* খ) *i, iii* গ) *ii, iii* ঘ) *i, ii* ও *iii*

**অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**

**সুগৃহিণী লায়লা প্রতি মাসে তার পরিবারের জন্য এমনভাবে বাজেট পরিকল্পনা করেন যাতে প্রত্যেক মাসেই তার পরিবারের আয়ের চেয়ে ব্যয় কম হতে পারে। এতে তার পরিবার বাড়তি কিছু সুবিধা পায়।**

**৩৯। লায়লার পারিবারিক বাজেট কোন ধরনের বাজেট?**

ক) সুষম খ) দৈনিক
গ) উদ্বৃত্ত ঘ) ঘাটতি

**৪০। লায়লার পরিবারের সদস্যরা যে বাড়তি সুবিধাগুলো পায় তা হলো**

*(i)* বাড়তি শখ পূরণ করা
*(ii)* সঞ্চয়ের পরিমাণ বাড়াতে পারা
*(iii)* আয়ের পরিমাণ জানতে পারা

কোনটি সঠিক? ক) *i* খ) *i, iii* গ) *ii, iii* ঘ) *i, ii* ও *iii*

## উত্তরমালা

| | | | | |
|---|---|---|---|---|
| ১। (ক) | ২। (ক) | ৩। (গ) | ৪। (খ) | ৫। (ঘ) |
| ৬। (গ) | ৭। (ক) | ৮। (ঘ) | ৯। (গ) | ১০। (গ) |
| ১১। (গ) | ১২। (খ) | ১৩। (ক) | ১৪। (খ) | ১৫। (গ) |
| ১৬। (গ) | ১৭। (ক) | ১৮। (ক) | ১৯। (ক) | ২০। (ক) |
| ২১। (গ) | ২২। (ক) | ২৩। (গ) | ২৪। (ক) | ২৫। (গ) |
| ২৬। (ঘ) | ২৭। (গ) | ২৮। (খ) | ২৯। (খ) | ৩০। (খ) |
| ৩১। (ক) | ৩২। (ক) | ৩৩। (গ) | ৩৪। (খ) | ৩৫। (ক) |
| ৩৬। (ঘ) | ৩৭। (ঘ) | ৩৮। (ক) | ৩৯। (খ) | ৪০। (খ) |